



কক্সবাজার প্রতিনিধি : কক্সবাজার ইসলামিয়া মহিলা কামিল মাদ্রাসার উদ্বোধনী
ক্রাসে উপস্থিত অতিথিবৃন্দ - ইনকিলাব

কক্সবাজার ইসলামিয়া বালিকা মাদ্রাসা কামিল মাদ্রাসায় উন্নীত

কক্সবাজার প্রতিনিধি : পর্যটন নগরী
কক্সবাজার শহরে সৈকতপাড়ের ইসলামিয়া
বালিকা মাদ্রাসাটি কামিল মাদ্রাসায় উন্নীত
হয়েছে। মাদ্রাসাটি সরকারী স্বীকৃতি লাভ
করেছে। এই স্বীকৃতির মধ্য দিয়ে কক্সবাজারে
চার দশীয় জোট সরকারের অন্যতম একটি
নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়ন হল।
বিগত আওয়ামী লীগ সরকারের আমলে এই
মাদ্রাসাটি নানা ধরনের নির্বাসন ও হরণনির
শিকার হয়েছিল। চার দশীয় জোট সরকার
গঠন করার পর সরকারের সমাজকল্যাণমন্ত্রী
আপী আহসান মোহাম্মদ মুজাহিদ, শিক্ষা
প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন এবং

কক্সবাজারের দায়িত্বপ্রাপ্ত ও যোগাযোগ
প্রতিমন্ত্রী সালাহউদ্দিন আহমদের প্রতিশ্রুতি ও
একান্ত প্রচেষ্টায় সাগরপাড়ের মনোমুগ্ধকর
পরিবেশে অবস্থিত ইসলামিয়া বালিকা ফাজিল
মাদ্রাসাটি কামিল মাদ্রাসার স্বীকৃতি লাভ
করে।
গত ১৪ নভেম্বর কামিল ক্লাসের সবক
উদ্বোধনী এক অনুষ্ঠান এডভোকেট
সালামউল্লাহের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।
এতে বিশিষ্ট মুহাম্মিন হযরত মাওলানা
মুজাহের আহমদ বোখারী শরীফের সবক
উদ্বোধন করেন। এতে প্রিন্সিপাল জাফর উল্লাহ
নূরীসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।